**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ভারত আজ 'অপারেশন সিঁন্দুর'-এর প্রথম বার্ষিকী পালন করছে।**

**(২) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৬ সালের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আগামীকাল প্রকাশ করা হবে।**

**(৩) নতুন শ্রম আইনের অধীনে ৪০ বছর বা তার বেশি বয়সী কর্মীদের জন্য দেশব্যাপী বার্ষিক স্বাস্থ্য পরীক্ষার কর্মসূচি সূচনা।**

**(৪) দ্বিতীয় উত্তরপূর্ব লিটল মাস্টার অনূর্ধ্ব ১৪ বছরের ছেলেদের ক্রিকেটে ত্রিপুরা রানার্স হয়েছে।**

****************************************

**Operation Sindoor :**

ভারত আজ 'অপারেশন সিঁন্দুর'-এর প্রথম বার্ষিকী পালন করছে। গত বছর ৭ই মে ভারত 'অপারেশন সিঁন্দুর' শুরু করেছিল। সেদিন পাকিস্তান ও পাকিস্তান-অধিকৃত কাশ্মীরে নয়টি সন্ত্রাসী ঘাঁটিতে বিমান হামলা চালিয়ে অন্তত ১০০ জন সন্ত্রাসীকে নির্মূল করেছিল ভারতীয় সামরিক বাহিনী। গত বছর ২২শে এপ্রিল পহেলগামে পর্যটকদের ওপর পাকিস্তান-সমর্থিত বর্বর সন্ত্রাসী হামলার এটি ছিল ভারতের যোগ্য জবাব।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু 'অপারেশন সিন্দুর'-কে সন্ত্রাসবাদের বিরুদ্ধে এবং দেশের নিরাপত্তায় ভারতের অটল সংকল্পের এক যুগান্তকারী নিদর্শন বলে অভিহিত করেছেন।

উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণনও ‘অপারেশন সিন্দুর’-কে একটি যুগান্তকারী মুহূর্ত হিসেবে বর্ণনা করে বলেন, ভারতের সামরিক বাহিনীর ত্যাগ ও অঙ্গীকার প্রতিটি নাগরিকের জন্য গর্বের উৎস হয়ে থাকবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সন্ত্রাসবাদকে পরাজিত করতে এবং এর সহায়ক পরিমণ্ডলকে ভেঙে ফেলতে ভারত তার সংকল্পে অটল রয়েছে। অপারেশন সিঁন্দুরের এক বছর পূর্তি উপলক্ষে সামাজিক মাধ্যমে তিনি বলেন, এই অভিযান চলাকালীন ভারতীয় সামরিক বাহিনী অতুলনীয় সাহস, নির্ভুলতা এবং দৃঢ় সংকল্প প্রদর্শন করেছে। পহেলগামে নিরীহ ভারতীয়দের ওপর হামলার যোগ্য জবাব দিয়েছে ভারত। সমগ্র দেশ সামরিক বাহিনীকে তাদের বীরত্বের জন্য স্যালুট জানায়। ‘অপারেশন সিঁন্দুর’ সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের দৃঢ় প্রতিক্রিয়া এবং জাতীয় নিরাপত্তা রক্ষায় এর অটল অঙ্গীকারকে প্রতিফলিত করে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

অপারেশন সিঁন্দুরের প্রথম বার্ষিকীতে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ভারতীয় সামরিক বাহিনীর বীরত্ব ও আত্মত্যাগের প্রশংসা করেছেন।

সামাজিক মাধ্যমে তিনি বলেন, দেশের সামরিক বাহিনী সাহস ও নিষ্ঠার সঙ্গে দেশকে রক্ষা করে চলেছে।

অপারেশন সিঁন্দুরের প্রথম বার্ষিকীতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সামরিক বাহিনীর অতুলনীয় বীরত্বকে অভিবাদন জানিয়ে বলেছেন যে, অপারেশন সিঁন্দুর ভারতের একটি যুগান্তকারী অভিযান হিসেবে দাঁড়িয়ে আছে, যা আমাদের শত্রুদের প্রতি আমাদের সশস্ত্র বাহিনীর অব্যর্থ আঘাত হানার ক্ষমতার কথা সর্বদা স্মরণ করিয়ে দেয়।

সামাজিক মাধ্যমে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, ইতিহাস এই দিনটিকে ভারতের সামরিক বাহিনীর সুনির্দিষ্ট আঘাত হানার ক্ষমতা, আমাদের সংস্থাগুলির নিখুঁত গোয়েন্দা তথ্য এবং দৃঢ় রাজনৈতিক ইচ্ছাশক্তির একযোগে জেগে উঠার দিন হিসাবে মনে রাখবে।

***************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৬ সালের মাধ্যমিক, মাদ্রাসা আলিম, উচ্চতর মাধ্যমিক এবং মাদ্রাসা ফাজিল পরীক্ষার ফলাফল আগামীকাল দুপুর ১২টায় পর্ষদের মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ করা হবে। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের result যে সমস্ত website-এর মাধ্যমে জানা যাবে তার তালিকা পর্ষদের website www.tbse.tripura.gov.in-এ দেওয়া থাকবে। পরীক্ষার্থীরা তালিকাভুক্ত website-গুলির মাধ্যমে দুপুর সাড়ে ১২টা থেকে পরীক্ষার ফল জানতে পারবে।

***************************

**National Lok Adalat :**

আগামী ৯ই মে ত্রিপুরা হাইকোর্ট এবং রাজ্যের সব জেলা ও মহকুমা আদালত প্রাঙ্গণে জাতীয় লোক আদালত বসবে। আজ রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ভি.পি দেববর্মা আজ এখবর জানান। তিনি জানান, জাতীয় লোক আদালতে নিস্পত্তির জন্য ৪৬টি বেঞ্চে ২৫ হাজার ৫১৪টি মামলা তোলা হবে। এরমধ্যে আদালতে জমে থাকা ২০ হাজার ৭৭৯টি মামলা রয়েছে।

******************************

**Minister Sudhangshu Das :**

তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে আজ ঊনকোটি জেলার ফটিকরায়ে সরকারি উন্নয়ণমূলক কাজকর্মের অগ্রগতি বিষয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। ফটিকরায় আম্বেদকর কলেজের কনফারেন্স হলে আয়োজিত এই বৈঠকে উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলাশাসক ডক্টর তমাল মজুমদার ও অন্যান্য আধিকারিকগণ। পর্যালোচনা বৈঠকে পূর্ত, গ্রামোন্নয়ণ, পানীয় জল ও

স্বাস্থ্যবিধি, বিদ্যুৎ, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা ইত্যাদি কাজের অগ্রগতি নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়।

***************************

**Victory Celebrations :**

পশ্চিমবঙ্গ, আসাম ও পদুচেরী বিধানসভা নির্বাচনে বিজেপি'র জয়ের পরিপ্রেক্ষিতে আজ খোয়াই শহরে ও সিপাহীজলা জেলার কাঠালিয়ায় বিজয় মিছিলের আয়োজন করা হয়। বিজেপি'র খোয়াই মন্ডল আয়োজিত মিছিলে ছিলেন প্রদেশ বিজেপি'র সাধারণ সম্পাদক অমিত রক্ষিত, বিজেপি জেলা কমিটির সভাপতি বিনয় দেববর্মা, মন্ডল সভাপতি অনুকূল দাস।

ধনপুর বিজেপি'র মন্ডল আয়োজিত বিজয় মিছিলে ছিলেন প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, বিধায়ক বিন্দু দেবনাথ, কাঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন মিঠু রানী দাস, বিজেপির সিপাহীজলা দক্ষিণাংশ কমিটির সভাপতি উত্তম দাস।

**************************

**Congress Meeting :**

এডিসি নির্বাচন এবং ধর্মনগরের উপ নির্বাচনের ফলাফলের পর্যালোচনা সহ আসন্ন ভিলেজ কাউন্সিল নির্বাচনে কংগ্রেসের আগামী দিনের কর্মসূচী নিয়ে আগরতলা প্রদেশ কংগ্রেস ভবনে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা জানান আগামী দিনে দলের সাংগঠনিক কাজ কর্ম নিয়েও বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক সুদীপ রায় বর্মন।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Nationwide Annual Health Check-Up :**

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ডঃ মনসুখ মান্ডাভিয়া আজ নতুন শ্রম আইনের অধীনে ৪০ বছর বা তার বেশি বয়সী কর্মীদের জন্য দেশব্যাপী বার্ষিক স্বাস্থ্য পরীক্ষার কর্মসূচি চালু করেছেন। এই উদ্যোগটি ভারতের কর্মশক্তির জন্য ব্যাপকভাবে স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

আজ নয়াদিল্লিতে এমপ্লয়িজ স্টেট ইনস্যুরেন্স কর্পোরেশন বা ইএসআইসি মেডিকেল কলেজ ও হাসপাতালে এই উদ্যোগটির উদ্বোধন করে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ডঃ মনসুখ মন্ডভিয়া বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত ১২ বছরে দেশের কর্মশক্তি ও যুবশক্তির প্রতি সম্মান উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। সরকার কর্মসংস্থান সৃষ্টিতে নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে এবং এর ফলে বেকারত্বের হার প্রায় ৩.২ শতাংশে নেমে এসেছে। ড: মন্ডভিয়া বলেন, এক দশক আগে প্রায় ৩০ কোটি মানুষ সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতাভুক্ত ছিলেন এবং এই সংখ্যা এখন বেড়ে ৯৪ কোটিতে দাঁড়িয়েছে। এই সময়ের মধ্যে ই.এস.আই.সি-র আওতাভুক্ত মানুষের সংখ্যা ৭ কোটি থেকে বেড়ে ১৫ কোটি হয়েছে, যা দ্বিগুণেরও বেশি।

****************************

**NSS Camp :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ আগরতলায় ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুলের এন.এস.এস ইউনিটের উদ্যোগে Youth For My Bharat & Youth for Digital Literacy" ভাবনাকে সামনে রেখে আয়োজিত সাতদিন দিনব্যাপী বিশেষ শিবিরের উদ্বোধন করেন। সাংসদ রাজীব ভট্টাচার্য বলেন, এই বিশেষ উদ্যোগ বিদ্যার্থীদের সামাজিক দায়বদ্ধতা, স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম এবং ডিজিটাল সচেতনতার মাধ্যমে একটি উন্নত ও আত্মনির্ভর ভারত গঠনের প্রেরণা জোগাবে। এন.এস.এস প্রোগ্রাম অফিসার পুনম রায় সরকার এখবর জানিয়েছেন।

****************************

**Tripura Bar Association :**

আগামী ১৩ই জুন ত্রিপুরা বার অ্যাসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত হবে। অ্যাসোসিয়েশনের সম্পাদক কৌশিক ইন্দু আজ এখবর জানান। তিনি জানান, এই নির্বাচনের জন্য আজ ড্রাফট ভোটার তালিকা প্রকাশিত হয়েছে।

***************************

**North East Under 14 Cricket :**

দ্বিতীয় উত্তরপূর্ব লিটল মাস্টার অনূর্ধ্ব ১৪ বছরের ছেলেদের ক্রিকেটে ত্রিপুরা রানার্স হয়েছে। আজ আসরের ফাইনালে আসাম ১৫৯ রানে ত্রিপুরাকে পরাজিত করে। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনাল খেলায় প্রথমে ব্যাট করতে নেমে সফরকারী আসাম ৪০ ওভারে ৬ উইকেটে ২৮৬ রান করে। জবাবে রাজ্যদল ৪০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১২৭ রান সংগ্রহ করতে সক্ষম হয়।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম জেলা, খোয়াই, ধলাই ও সিপাহীজলা জেলায় বজ্র বিদ্যুৎ এবং ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াস।

************************